


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
[কর নীতি শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৩০.০৭.০০৮.১৫/২৫২(৪৩)

তারিখঃ ২৫ কার্তিক, ১৪২২ বঙ্গাব্দ
০৯ নভেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ

বিষয়ঃ সরকারী প্রকল্পে ব্যবহার্য মোটর গাড়ীর রেজিস্ট্রেশনকালে অথবা ফিটনেস নবায়নকালে অনুমিত আয়কর প্রদান প্রসঙ্গে।

সরকারী প্রকল্পের অধীন ক্রয়কৃত মোটর গাড়ীর রেজিস্ট্রেশন বা ফিটনেস নবায়নকালে মালিকানাভিত্তিক অনুমিত আয়কর প্রদান করতে হবে কিনা এ বিষয়ে মাঠ পর্যায়ে অস্পষ্টতা রয়েছে বলে জাতীয় রাজস্ব বোর্ড অবগত হয়েছে। বর্ণিত বিষয়ে এ মর্মে স্পষ্টিকরণ করা হচ্ছে যে, বাংলাদেশ সরকারের কোন দপ্তর/বিভাগ বা সরকারী নিয়ন্ত্রণাধীন কোন প্রকল্পের নামে ক্রয়কৃত মোটরকার, জীপ বা মাইক্রোবাস, যা প্রকারান্তরে সরকারের মালিকানাধীন, এর রেজিস্ট্রেশন বা ফিটনেস নবায়নকালে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের আয়কর অনুবিভাগের এস, আর, ও নং-৯৯-আইন/২০১৫, তারিখঃ ১৭ মে, ২০১৫ খ্রিষ্টাব্দ মোতাবেক মালিকানাভিত্তিক অনুমিত আয়কর প্রদান করতে হবে না।


মোঃ জমীউদ্দিন আহমেদ
দ্বিতীয় সচিব (কর আইন-১)

বিতরণঃ

- ১। সদস্য (সকল), আয়কর অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২। কর কমিশনার (সকল)/ মহাপরিচালক, কর পরিদর্শন পরিদপ্তর/সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল/বিসিএস (কর) একাডেমী।
- ৩। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (জাতীয় রাজস্ব বোর্ডের অফিসিয়াল ওয়েব সাইটে আপ লোডের জন্য)।
- ৪। মোঃ শামসুদ্দোহা, প্রকল্প সমন্বয় পরিচালক, চর উন্নয়ন ও বসতি স্থাপন প্রকল্প-৪, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
- ৫। চেয়ারম্যান, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ), ঢাকা।